প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Web site: www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০২.২২.১৭৬

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৮ নভেম্বর, ২০২২ খ্রি.

সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২২ সেশনের চূড়ান্ত পরীক্ষার বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের ০৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) জুলাই-ডিসেম্বর, ২০২২ সেশনের পরীক্ষা আগামী ১১ ডিসেম্বর, ২০২২ খ্রি. রবিবার হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য বিধি ও নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রেখে আসন বিন্যাস নিশ্চিত করে বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

- উল্লেখ্য, পরীক্ষার কেন্দ্র তালিকা ও সময়সূচি যথাসময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) এ প্রকাশ করা হবে । পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং বোর্ডের ওয়েব সাইটেও দেখা যাবে;
- সংশ্লিষ্ট পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড (Registration Card) পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) হিসেবে গণ্য হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ডের রেজিস্ট্রেশন শাখা কর্তৃক বিতরণের বিজ্ঞপ্তি/সিডিউল অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন;
- উল্লিখিত পরীক্ষায় বোর্ডের প্রস্তুতকৃত নতুন ডাবল লিথুযুক্ত (Double Litho Coded OMR) উত্তরপত্র ব্যবহার করতে হবে;
- স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১৪৭/মে, ২০০৯ মোতাবেক উক্ত কোর্সের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক ও মান বন্টন অনুযায়ী সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড পরীক্ষা গ্রহণ করা হবে;
- পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহ নিম্নে প্রদত্ত হারে বোর্ডের রেজিস্ট্রেশন শাখার মাধ্যমে রেজিস্ট্রেশন ফি এর সাথে আদায়যোগ্য।

০১. **পরীক্ষার ও অন্যান্য ফি সমূহের হার:**

১.১ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরীক্ষার ফিসহ অন্যান্য ব্যয় বাবদ নিম্নরূপভাবে অর্থ আদায় করতে হবে:

ক্রমিক	বিবরণ	পরিমান (টাকা)	মন্তব্য
ক.	কেন্দ্র ফি	২২৫/-	কেন্দ্র প্রাপ্য
খ.	রেজিস্ট্রেশন ফি ৫০/-, পরীক্ষার ফি ৩০০/-, নম্বরপত্র ফি ৭৫/-, সনদপত্র ফি ১০০/-, রেজিস্ট্রেশনের সময় মোট ৫২৫/- এর বোর্ডের সচিব বরাবর সোনালী সেবা/ সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরিশোধ যোগ্য।		

০২. তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার উত্তরপত্র, লিথু টপ পার্ট ও শিরোনামপত্র অবশ্যই হলুদ কাপড়ের একটি প্যাকেটে সীলগালা করে ঐ দিনই বোর্ডের নিম্নবর্ণিত ঠিকানায় পাঠাতে হবে:

প্রাপক	:	পরীক্ষা নিয়ন্ত্রক
দৃষ্টি আকর্ষণ	:	উপপরীক্ষা নিয়ন্ত্রক/ডকুমেন্টেশন অফিসার শর্ট কোর্স পরীক্ষা শাখা, ভবন-১ (৫ম তলা), পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
মোবাইল	:	০১৬৩২৪৮৬০৬৪, ০১৫৩১৯৭২০২২।

০৩. **তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) নম্বর বোর্ডে প্রেরণ**

৩.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর, ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) এবং চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর, ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) এবং চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এর উত্তীর্ণ মান ৬০%।

৩.২ অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (PC) বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণের তারিখ এবং বোর্ডে হাডকপি জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

অনলাইন (Online) –এ তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর নম্বর প্রেরণের তারিখ	তাত্ত্বিক ধারাবাহিক (TC) নম্বর ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বরের হার্ডকপি বোর্ডে জমাদানের তারিখ
০৭ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখ হতে ১১ ডিসেম্বর, ২০২২ খ্রি.	১৯ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের মধ্যে।

০৪. **চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডে প্রেরণ**

৪.১ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণ করবেন। উল্লেখ্য, চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর এর উত্তীর্ণ মান ৬০%।

৪.২ অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর বোর্ডের অনলাইন (Online) -এ প্রেরণের তারিখ এবং বোর্ডে হার্ডকপি জমাদানের তারিখ নিম্নে প্রদান করা হলো:

অনলাইন (Online) –এ চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বর প্রেরণের তারিখ	চূড়ান্ত ব্যবহারিক (PF) নম্বরের হার্ডকপি বোর্ডে জমাদানের তারিখ
১১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখ হতে ১৪ ডিসেম্বর, ২০২২ খ্রি.	১৯ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের মধ্যে।

০৫. **বোর্ড হতে কেন্দ্রের মালামাল/পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ**

০৬-১২-২০২২ খ্রি. হতে ০৭-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত।

০৬. **পরীক্ষা বিষয়ে করণীয়:**

৬.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে কেন্দ্রের পরীক্ষা কক্ষে উপস্থিত থাকতে হবে;

৬.২ বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত লিখিত পরীক্ষার দিন কেন্দ্রে প্রশ্নপত্র পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে অনলাইন (bteb.online) প্রেরণ করা হবে;

৬.৩ অন লাইন (Online) -এর মাধ্যমে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র প্রশ্ন প্রাপ্তির তথ্যের হেল্প মোবাইল নং ০১৭১৯৯৬০২৫৬, ০১৭১৮৩২৫০৯৭।

০৭. **উপস্থিত-অনুপস্থিত পরীক্ষার্থীর শিরোনাম পত্র বোর্ডে প্রেরণ:**

৭.১ কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও নাম হাজিরা সীট ও শিরোনামপত্রে উল্লেখ করতে হবে;

৭.২ কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত থাকলে Online- এ ঐ পরীক্ষার্থীর রোল নম্বরের বিপরীতে "A" লিখতে হবে;

৭.৩ এ শিক্ষাক্রমের সকল তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির পর পরীক্ষার হাজিরাশীট বোর্ডের প্রদত্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে। হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে এবং ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

বিঃ দ্রঃ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন ফি জমা/হালনাগাদপূর্বক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

(মো. কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
ফোন: ০২-৫৫০০৬৫২৫, ০১৭১৪০৭৫৮৩৮।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০২.২২.১৭৬ (১৭)

তারিখ: ০৮-১১-২০২২ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক,............... সংশ্লিষ্ট সকল জেলা।
৬। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।
৭। উপজেলা নির্বাহী অফিসার,............... সংশ্লিষ্ট সকল উপজেলা।
৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। আগামী ১০ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড সরবরাহের জন্য অনুরোধ করা হল।

০৯। উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান/সিলেবাস অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো ।

১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। নিয়মিত পরীক্ষার্থীদের আগামী ০৯ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখের পূর্বে অ্যাডমিট কার্ড প্রিন্টপূর্বক পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের শর্ট কোর্স শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১১। কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রসমূহ। উল্লিখিত পরীক্ষার জন্য ০৬-০৭ ডিসেম্বর, ২০২২খ্রি. তারিখে উক্ত পরীক্ষার জন্য ডাবল লিথুযুক্ত (Double Litho Coded OMR) উত্তরপত্র গ্রহণ এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১২। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ০৬-০৭ ডিসেম্বর, ২০২২খ্রি. তারিখে কেন্দ্রসমূহকে উক্ত পরীক্ষার জন্য ডাবল লিথুযুক্ত (Double Litho Coded OMR) উত্তরপত্র সরবরাহের অনুরোধসহ।

১৫। অধ্যক্ষ/পরিচালক, ০৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড (CMU) কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান। বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭। নথি।

০৮.১১.২০২২

(মো. নওশাদ আলী)
ডকুমেন্টেশন অফিসার
শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
মোবাইল: ০১৫৩১-৯৭২০২২।